

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 07-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ওয়ান র‍্যাঙ্ক ওয়ান পেনশন প্রকল্প আমাদের দেশকে রক্ষাকারী প্রবীণ এবং প্রাক্তন সেনা কর্মীদের প্রতি শ্রদ্ধাঞ্জলি।
- (২) উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্যেও ছট পূজা শুরু হয়েছে।
- (৩) ভারতীয় রেলের যাত্রীদের সুবিধার্থে আগামীকাল থেকে ১৬৪টি বিশেষ ট্রেন চালানোর কথা ।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় বরোদার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিতে চলেছে ত্রিপুরা ।

OROP :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওয়ান র‍্যাঙ্ক ওয়ান পেনশন বা OROP প্রকল্পের দশ বছর পূর্তি উপলক্ষে আজ বলেছেন যে এটি আমাদের দেশকে রক্ষা করার জন্য জীবন উৎসর্গকারী প্রবীণ এবং প্রাক্তন সেনা কর্মীদের সাহস এবং আত্মত্যাগের প্রতি শ্রদ্ধাঞ্জলি। 'এক্স'-এ একটি বার্তায় তিনি লিখেছেন যে, ওআরওপি বাস্তবায়নের সিদ্ধান্তটি এই দীর্ঘস্থায়ী দাবিকে সমাধান করার জন্য এবং আমাদের বীরদের প্রতি আমাদের জাতির কৃতজ্ঞতা পুনর্ব্যক্ত করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। শ্রী মোদী আশ্বস্ত করেছেন যে সরকার সর্বদা আমাদের সশস্ত্র বাহিনীকে শক্তিশালী করতে এবং যারা আমাদের সেবা করেন তাদের

কল্যাণের জন্য যথাসাধ্য চেষ্টা করবে। তিনি উল্লেখ করেন যে, এক দশক ধরে, লক্ষ লক্ষ পেনশনভোগী এবং পেনশনভোগী পরিবার এই যুগান্তকারী উদ্যোগ থেকে উপকৃত হয়েছে।

Chat Puja :

উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্যেও ছট পূজা শুরু হয়েছে। গতকালের খরনার পর ছটপূজার তৃতীয় দিনে আজ সূর্যাস্তের সময়ে জলে দাঁড়িয়ে পুন্যার্থীরা সূর্য দেবতার উদ্দেশ্যে ফলমূল ইত্যাদি দিয়ে অর্ঘ্য নিবেদন করেন। পরিবারের সুখ সমৃদ্ধি ও মঙ্গল কামনা করেন। এই উপলক্ষে আজ বিকেলে রাণীরপুকুর, লক্ষ্মীনারায়ন বাড়ি দিঘি, কলেজ লেক, আমতলীর কুড়ি পুকুর সহ রাজধানী আগরতলার বিভিন্ন জলাশয়ে প্রচুর পুন্যার্থীর সমাগম হয়। বাড়ির মহিলারাই উপবাসের মধ্যে দিয়ে সাধারণত এই অর্ঘ্য নিবেদন করেন। আগামীকাল ভোরে সূর্যোদয়ের মুহূর্তেও জলে দাঁড়িয়ে পুনরায় সূর্যের উদ্দেশ্যে অর্ঘ্য নিবেদনের মধ্যে দিয়ে উপবাস ও পূজার সমাপ্তি ঘটবে। বিশেষত রাজ্যে বসবাসকারী বিহার, ঝাড়খন্ড, ছত্রিশগড়, উত্তর প্রদেশের বাসিন্দারা ভক্তিভরে ছটপূজায় সামিল হয়েছেন।

Greetings Chhat Puja :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ছট পূজা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেছেন যে ছট পূজা দেশের অন্যতম প্রাচীন উৎসব এবং সূর্য উপাসনার ব্রত। তিনি আরো বলেন যে উৎসবে প্রকৃতির অনন্য উপহার নদী এবং পুকুরকে সম্মান জানানো হয় এবং কঠোর উপবাসের মাধ্যমে মন ও আত্মা শুদ্ধ হয়। তিনি বলেন, এই উৎসব মানুষকে পরিবেশ রক্ষায় উদ্বুদ্ধ করে। এই উৎসব মানুষের জীবনে আনন্দ নিয়ে আসবে

এবং প্রকৃতির প্রতি শ্রদ্ধা বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখরও ছট পূজা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি এই উৎসব সবার জন্য সমৃদ্ধি এবং আশীর্বাদ বয়ে আনবে বলে কামনা করেন। তিনি সূর্য দেবতার উপাসনার উৎসবকে চিরন্তন ঐতিহ্যের উদযাপনের পাশাপাশি প্রকৃতির সঙ্গে আমাদের গভীর বন্ধনের প্রতিফলন হিসেবে বর্ণনা করেন। ছঠি মাতার আশীর্বাদ জাতিকে উন্নতি ও সমৃদ্ধির পথে পরিচালিত করবে বলে আশা ব্যক্ত করেন উপরাষ্ট্রপতি।

ছট উৎসবের তৃতীয় দিনে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন যে ছট সন্ধ্যা অর্ঘ্য উৎসব সারল্য, সংযম, সংকল্প এবং উৎসর্গের প্রতীক। তিনি আরও কামনা করেন যে এই উৎসব সবার জীবনে সুখ, সমৃদ্ধি ও সৌভাগ্য বয়ে আনবে।

Assembly Meeting :

রাজ্য বিধানসভায় অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের পৌরোহিত্যে আজ এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান, বিধানসভায় বিধায়কদের অনলাইন পদ্ধতিতে প্রশ্ন জমা দেওয়া এবং অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনা সংক্রান্ত বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়। বৈঠকে অন্যান্যদের উপস্থিত ছিলেন উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মুখ্যসচিব কল্যাণী সাহা রায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরি, বিধায়ক বীরজিৎ সিনহা প্রমুখ।

CM :

ভারত স্কাউটস এন্ড গাইডস'র ৭৫তম প্রতিষ্ঠা দিবস উদযাপন ও ফ্ল্যাগ ডে উপলক্ষ্যে আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাকে স্কাউটস এন্ড গাইডস'র ত্রিপুরা শাখার সদস্যরা ভারত স্কাউটস এন্ড গাইডস'র স্কার্ফ, ওয়াগল এবং ফ্ল্যাগ পরিবেশন করেন। মুখ্যমন্ত্রী ভারত স্কাউটস এন্ড গাইডস তহবিলে অর্থ দান করেন। ভারত স্কাউটস এন্ড গাইডস যে লক্ষ্য নিয়ে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করছে, মুখ্যমন্ত্রী তার প্রশংসা করেন।

TTAADC MOU :

এডিসি'র সদর দপ্তর খুমলুং-এ হসপিটালিটি স্কিল ডেভেলপমেন্ট সেন্টার অফ এক্সিলেন্স স্থাপনের জন্য আজ আগরতলায় এডিসি, টাটা স্ট্রাইভ এবং ইন্ডিয়ান হোটেলস কোম্পানি লিমিটেডের মধ্যে একটি মৌ স্বাক্ষরিত হয়েছে। এডিসির সদর দপ্তর খুমলুং এ এই প্রতিষ্ঠান স্থাপনের পর সেখানে প্রতি বছর উত্তর-পূর্বাঞ্চলের প্রায় আড়াইশো জন ছাত্রছাত্রীকে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে টাটা স্ট্রাইভের বিভিন্ন হোটেলে কর্মসংস্থানের ব্যবস্থাও করা হবে। মৌ স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বানিজ্য প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা, সাংসদ কৃতি দেবী দেববর্মা, এডিসির মুখ্য নির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, এমডিসি প্রদ্যোৎ কিশোর দেববর্মা সহ টাটা স্ট্রাইভের আধিকারিকগণ।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Special Train :

ভারতীয় রেল যাত্রীদের সুবিধার্থে আগামীকাল থেকে ১৬৪টি বিশেষ ট্রেন চালানোর কথা। যাত্রীরা উৎসব উদযাপন করে তাদের গন্তব্যে ফিরে যাওয়ার জন্য রেলওয়ে আগামী তিন দিনে প্রায় ৪৭৬টি ট্রেনের পরিকল্পনা করেছে। জানানো হয়েছে, ভারতীয় রেল গত ছত্রিশ দিনে ৪ হাজার ৫২১টি ট্রেনে ৬৫ লক্ষ যাত্রী পরিবহনের কৃতিত্ব অর্জন করেছে। রেল মন্ত্রক জানিয়েছে যে ভারতীয় রেলে ৬ কোটি ৮৫ লক্ষেরও বেশি যাত্রী বিহার, পূর্ব উত্তর প্রদেশ এবং ঝাড়খণ্ডে ভ্রমণ করেছেন। চলতি মাসের ৪ তারিখে একদিনে তিন কোটির বেশি যাত্রী পরিবহনের মাইলফলকও অর্জন করেছে রেল।

National Commission for Safai :

সাফাই কর্মচারীদের জাতীয় কমিশনের ভাইস চেয়ারপার্সন অঞ্জনা পানোয়ার আজ বাধারঘাটে ONGC-র কর্মীদের সঙ্গে মতবিনিময় সভা ও পর্যালোচনা বৈঠক করেন। ONGC কর্মীদের বেতনভাতা, EPF ইত্যাদি বিষয়ে খোঁজ খবর করেন। মতবিনিময় সভা ও পর্যালোচনা বৈঠকে উপস্থিত ছিলেন ওএনজিসি-ত্রিপুরা এসেটের এসেট ম্যানেজার কৃষ্ণ কুমার, সি জি এম নবেল কুজুর, রাজ্য সরকারের এস সি কল্যান দপ্তরের অধিকর্তা জয়ন্ত দে ও ওএনজিসি কর্মী সংগঠনের প্রতিনিধিরা।

Special Lok Adalat :

আগামী ৯ই নভেম্বর রাজ্যের সমস্ত জেলা ও মহকুমা আদালতে বিশেষ লোক আদালত অনুষ্ঠিত হবে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব রুমা দত্ত চৌধুরী আজ সাংবাদিকদের জানিয়েছেন, এই লোক আদালতে ১৪ হাজার ২২৩টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। বিশেষ লোক আদালতের জন্য বিভিন্ন আদালতে ২৪টি বেঞ্চ গঠন করা হয়েছে। এরমধ্যে খোয়াই জেলায় সবচেয়ে বেশি ৫টি বেঞ্চ বসবে। লোক আদালতে নোটিসপ্রাপ্ত হয়ে আসা পক্ষ-বিপক্ষকে সহযোগিতা করতে প্যারা লিগ্যাল ভলান্টিয়াররা থাকবেন। সদস্য সচিব রুমা দত্ত চৌধুরী বিশেষ লোক আদালতের সুবিধা গ্রহণ করতে সংশ্লিষ্ট সবাইকে আবেদন করেছেন।

RBI :

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ৯০ বছর পূর্তি উপলক্ষে দেশব্যাপী নানা কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। তারই অঙ্গ হিসাবে আজ এই ব্যাঙ্কের রাজ্য শাখার উদ্যোগে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে কলেজ পড়ুয়াদের মধ্যে রাজ্যভিত্তিক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন রিজার্ভ ব্যাঙ্কের রাজ্য শাখার জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিদার। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, রিজার্ভ ব্যাঙ্কের ৯০ বছর পূর্তি উপলক্ষে আজ দেশের ৩০টি জায়গায় কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। রাজ্যেও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য প্রায় সাড়ে ছয় হাজারের মতো কুইজ প্রতিযোগী অনলাইনে রেজিস্ট্রেশন করেছিলেন। তার মধ্যে ২৩৩ জন কোয়ালিফাই করেছেন। তাদের মধ্যে প্রথম রাউন্ডে ৪৫টি দল থেকে বাছাইকৃত দুজন করে ছয়টি দল চূড়ান্ত পর্যায়ে গেছে। সেখান থেকে প্রথম স্থানাধিকারী দলটি আগামী ২৭ ফেব্রুয়ারি গুয়াহাটিতে অনুষ্ঠিতব্য জোনাল রাউন্ডে অংশগ্রহণ করবে। রাজ্যভিত্তিক এই কুইজ প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী

দলের জন্য পুরস্কার হিসাবে রয়েছে ২ লক্ষ টাকা। জোনাল রাউন্ডের প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারীরা পাবে পাঁচ লক্ষ টাকা। সর্বভারতীয় স্তরে প্রথম স্থান অধিকারী দল পাবে ১০ লক্ষ টাকা। কুইজ প্রতিযোগিতার তাৎপর্য ব্যাখ্যা করতে গিয়ে রিজার্ভ ব্যাঙ্কের রাজ্য শাখার জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিদার বলেন,

#####Byte#####

অনুষ্ঠানে সাইবার প্রতারণা বিষয়ে একটি নাটক মঞ্চস্থ হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক মেঘা জৈন, নাবার্ডের ডিজিএম দিগন্ত কুমার দাস, এন আই টি আগরতলা স্টুডেন্ট ওয়েলফেয়ার্সের ডিন জন দেববর্মা প্রমুখ।

রাজ্যস্তরের এই কুইজ প্রতিযোগিতায় ৪৫টি দল নিয়ে ৯০ জন ছাত্রছাত্রী অংশ গ্রহণ করে। প্রতিযোগিতায় উদয়পুরের নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের শুভজিৎ চক্রবর্তী এবং শ্রেয়া মোদক বিজয়ী হয়েছেন। দ্বিতীয় এবং তৃতীয় স্থান লাভ করে এন আই টি আগরতলার অর্থ সিংহ ও আম্গোথ রাঘবেন্দ্র এবং ত্রিপুরা মেডিক্যাল কলেজ (আগরতলা) এর আদিত্য কুমার ও কৌস্তভ রায়।

November Biplab Diwas :

সিপিআইএম-এর উদ্যোগে আজ রাজ্যের বিভিন্ন স্থানে ১০৮তম মহান নভেম্বর বিপ্লব দিবস উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে আগরতলা টাউন হলে আয়োজিত এক সভায় বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা পলিটব্যুরো সদস্য মানিক সরকার বলেন, গণতান্ত্রিক বিপ্লবের মূল কথা হচ্ছে কৃষি বিপ্লব। মানুষের মৌলিক, অর্থনৈতিক এবং সামাজিক যে সমস্যাবলী রয়ে গেছে সেগুলি সমাধান করতে হলে গণতন্ত্রের ভিতকে শক্তিশালী করতে হবে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপিআইএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র

চৌধুরী, বামফ্রন্ট এর আহবায়ক নারায়ণ কর, প্রাক্তন মন্ত্রী মানিক দে প্রমুখ।

সিপিআইএম পূর্ব আগরতলা অঞ্চল কমিটি ও নভেম্বর বিপ্লব দিবস উপলক্ষ্যে আজ আগরতলার জেইল আশ্রম রোডে সিপিআইএম কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। মোট ৪০ জন স্বৈচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, দলের পশ্চিম জেলা সম্পাদক রতন দাস, সদর মহকুমা সম্পাদক শুভাশিস গাঙ্গুলী, রাজ্য কমিটির সদস্য অমল চক্রবর্তী প্রমুখ।

সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটির উদ্যোগেও আজ করুনা রায় স্মৃতি হলে নভেম্বর বিপ্লব দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। বক্তব্য রাখেন বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম দক্ষিণ জেলার সম্পাদক বাসুদেব মজুমদার, ও বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

Cancer Awareness Day :

আজ জাতীয় ক্যান্সার সচেতনতা দিবস। এই দিনটি ২০১৪ সাল থেকে প্রতি বছর ৭ই নভেম্বর অনুষ্ঠিত হয়ে আসছে। দিবসটির লক্ষ্য ক্যান্সার প্রতিরোধ, প্রাথমিক সনাক্তকরণ এবং চিকিৎসা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। আজ পোলিশ-ফরাসি পদার্থবিদ এবং রসায়নবিদ মারি কুরিরও জন্মদিন। উল্লেখ্য, মারি কুরি আবিষ্কৃত রেডিয়াম এবং পোলোনিয়াম ক্যান্সারের চিকিৎসায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আজকের দিনে, মিউনিসিপ্যাল ক্লিনিক, সরকারি হাসপাতাল এবং কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য প্রকল্প, CGHS এ বিনামূল্যে পরীক্ষার সুবিধা নিতে উৎসাহিত করা হয়।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় বরোদার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিতে চলেছে ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে আজ ৪ উইকেটে ১৫৭ রান থেকে দ্বিতীয় দিনে খেলতে নেমে সফরকারী বরোদা প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৩৫ রান করে। দলের পক্ষে অতীত শেঠ ৭৮ রান করেন। রাজ্যদলের অভিজিৎ সরকার ৭৪ রানে ৫টি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে রাজ্যদল দিনের শেষে প্রথম ইনিংসে ১ উইকেট হারিয়ে ১৯২ রান সংগ্রহ করে। দলের পক্ষে বিক্রম কুমার দাস ৯৭ ও জীবনজ্যোত সিং অপরাজিত ৫৮ রান করেন। লিড নিতে আরো ৪৪ রান করতে হবে রাজ্যদলকে।

Cooch Behar Trophy :

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় পন্ডিচেরীর বিরুদ্ধে ত্রিপুরা প্রথম ইনিংসে লিড হাতছাড়া করে চাপে পড়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠ সফরকারী পন্ডিচেরী ৬ উইকেটে ১১০ রান থেকে আজ দ্বিতীয় দিনে খেলতে নেমে প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৪৭ রান করে। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৮২ রান করতে সক্ষম হয়। ৬৫ রানে এগিয়ে থেকে পন্ডিচেরী দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ১৪৭ রান করে।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.৬ ডিগ্রী সেলসিয়াস।
